গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# Automated Challan System (A-Challan)

## স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (এ-চালান)

## প্রশিক্ষণ সহায়িকা


স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)
ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফিনান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অফ বিএসিএস এন্ড আইবাস++ স্কিম
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

# প্রশিক্ষণ পরবর্তী করণীয়

- প্রশিক্ষণকালীন আপনাকে যে User ID দেওয়া হয়েছে সেটি ব্যবহার করে পরবর্তীকালে অনুশীলন অব্যাহত রাখা;
- ভবিষ্যতে নতুন ও হালনাগাদ তথ্য জানার প্রয়োজনে মাস্টার ট্রেইনারদের সাথে যোগাযোগ অব্যাহত রাখা । প্রয়োজনে Help Desk কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে;

১.মাস্টার ট্রেইনার

| | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব আবু সালেহ মোঃ জয়নাল আবেদীন - টিম লিডার | সিনিয়র ট্রেইনার |
| ২ | জনাব এ কে এম মুখলেছুর রহমান – সিনিয়র পরামর্শক | ট্রেইনার |
| ৩ | জনাব মোঃ শরিফুর রহমান - সিনিয়র পরামর্শক | ট্রেইনার |

২.Help Desk কর্মকর্তা

| ক্র নং | নাম | মোবাইল নাম্বার |
|---|---|---|
| ১ | জনাব সাবেত ইবনে ইসলাম - জুনিয়র পরামর্শক | ০১৭৩৮০৭৩৩১১ |
| ২ | জনাব মোঃ আসাদ-উল্লাহ - জুনিয়র পরামর্শক | ০১৭২৯৪২৭৯৩৬ |

৩. স্বয়ংক্রিয় চালান সিস্টেম সাপোর্টের জন্য (প্রশিক্ষণকালীন উপস্থিত জুনিয়র পরামর্শক)

| ক্র নং | নাম | মোবাইল নাম্বার |
|---|---|---|
| ১ | জনাব খন্দকার সামায়ুন আবির - জুনিয়র পরামর্শক | ০১৭১১৪৮০৭৬৯ |

- স্বয়ংক্রিয় চালান সিস্টেম সম্পর্কিত প্রশিক্ষণলব্ধ জ্ঞান আপনার অফিসের সহকর্মীদের সাথে শেয়ার করুন;
- প্রয়োজনে প্রশিক্ষণের আয়োজন করে প্রশিক্ষক হিসাবে দপ্তরে/অধস্তন দপ্তরে স্বয়ংক্রিয় চালান সিস্টেম সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে;
- স্বয়ংক্রিয় চালান সিস্টেম সম্পর্কিত হালনাগাদ তথ্য জানার জন্য নিয়মিত ভিজিট করুন;

  ফেসবুক (facebook) - BACS Bangladesh

  ইউটিউব (youtube) - BACS Bangladesh
- প্রশিক্ষণ ব্যবস্থাপনাসহ স্বয়ংক্রিয় চালান সিস্টেম এর উন্নতির জন্য যেকোন পরামর্শ ই-মেইল-এর মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল (email address: a_challan@finance.gov.bd)

# Automated Challan System (A-Challan)
# স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (এ-চালান)

ট্রেজারি চালানের অর্থ সরকারের হিসাবে জমাকরণ

## উপস্থাপনা

এ চালান

# স্বয়ংক্রিয় চালান পদ্ধতি
## Automated Challan System (ACS)




SPFMS

স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম
টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)
অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়

এ চালান

# প্রাথমিক ধারণা



- **'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (Automated Challan System)'** - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব/কর ও বিভিন্ন সেবার ফি বাবদ ট্রেজারি চালানের অর্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণের একটি পদ্ধতি।
- বাংলাদেশ ব্যাংকের ৯টি ও সোনালী ব্যাংকের ৬৮৬টি শাখায় চালানের অর্থ জমা প্রদানের প্রচলিত পদ্ধতির পাশাপাশি এটি চালু করা হয়েছে।
- অর্থবিভাগের **'এসপিএফএমএস'** প্রোগ্রামের অধীন **'ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফিনান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অফ বিএসিএস এন্ড আইবাস++'** -স্কিম কর্তৃক ***'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি'*** সফটওয়্যারটি উন্নয়ন করা হয়েছে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও সংস্থাকে **'এ চালান'**-এর সাথে সংযুক্ত করা হয়েছে যাতে সরকারি রাজস্ব প্রাপ্তির প্রক্রিয়াকে স্বয়ংক্রিয়ভাবেই সক্রিয় রাখা সম্ভব হয়।

## এ চালান প্রেক্ষাপট

- ২০১৮-১৯ অর্থবছরে ১ কোটি ৩৮ লক্ষ ২২ হাজার চালানের মাধ্যমে ৪ লক্ষ ৩৫ হাজার ২৬৫ কোটি টাকা জমা হয়েছে। তবে নির্দিষ্ট ব্যাংকের নির্দিষ্ট শাখায় জমা প্রদানের বাধ্যবাধকতার কারণে গ্রাহককে অতিরিক্ত সময় ও অর্থ ব্যয়সহ ভোগান্তির শিকার হতে হয়।
- সংশ্লিষ্ট ব্যাংক বা প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও দৈনিক হিসাব মিলানো ও নির্ধারিত প্রতিষ্ঠানের অনুকূলে অর্থ প্রেরণের কাজটি সম্পন্ন করতে বাড়তি ব্যয় ও মানসিক চাপ তৈরি হয়।
- ব্যাংক ও হিসাবরক্ষণ কার্যালয়ের সাথে প্রতিষ্ঠানের সংগতিসাধন (reconciliation) ক্ষেত্রবিশেষে সঠিকভাবে না হওয়ায় রাজস্ব জমার তথ্যেও বড় ধরনের পার্থক্যও দেখা যায়।
- কোন্ প্রতিষ্ঠানের কাছে কত টাকা জমা আছে বা লেনদেন চলমান রয়েছে তার কোন সঠিক তথ্য থাকে না।



## এ চালান অগ্রাধিকার ও উদ্দেশ্য



- ট্রেজারি চালানের অর্থ জমা প্রদানের প্রচলিত পদ্ধতি সহজীকরণ
- ভুয়া (Fake) চালান জমা ও রাজস্ব ফাঁকির প্রবণতা রোধসহ সঠিক সময়ে অর্থ জমা নিশ্চিতকরণ
- প্রকৃত রাজস্ব প্রাপ্তির প্রতিবেদন প্রণয়ন
- সরকারি রাজস্ব বৃদ্ধিসহ আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা

## এ চালান পদ্ধতির বৈশিষ্ট্য

- যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখার কাউন্টারে চালানের অর্থ জমা প্রদানের ব্যবস্থা;
- ব্যাংক থেকে তাৎক্ষণিকভাবে জমাকৃত অর্থের চালান রসিদ কিংবা অর্থ গ্রহণ স্লিপ প্রিন্ট করে গ্রাহককে প্রদান;
- সরকারের প্রতিটি প্রতিষ্ঠানকে সেবাপ্রত্যাশি এবং চালানের মাধ্যমে অর্থ পরিশোধ সম্পর্কিত তথ্য সরবরাহ;
- চালানের অর্থ বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে দ্রুততম সময়ে ট্রেজারি সিঙ্গেল এ্যাকাউন্টে জমা নিশ্চিতকরণ;
- স্বয়ংক্রিয়ভাবে বাণিজ্যিক ব্যাংক, সরকারি প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়-কে মোট চালান সংখ্যা ও অর্থ জমা প্রদানের প্রকৃত হিসাব প্রদান;



## এ চালান ব্যবহার পদ্ধতি

### ১ সেবাপ্রত্যাশির করণীয়



- *'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি'-এর সাথে সকল বাণিজ্যিক ব্যাংক যুক্ত থাকায় একজন সেবাপ্রত্যাশি তার সুবিধামত যে কোন ব্যাংকের যে কোন শাখায় চালানের অর্থ জমা দিতে পারবে।*

- চালান ফরম পূরণ করে সুবিধামত যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখার কাউন্টারে জমাপ্রদান

EXIM BANK Shariah Based Islami Bank · city bank · Islami Bank Bangladesh Limited · ONE Bank LIMITED · BRAC BANK · Bank Asia · BCB · AB Bank · DHAKA BANK LIMITED

## ই-চালান ব্যবহার পদ্ধতি

### ২ বাণিজ্যিক ব্যাংকের কার্যক্রম



- তথ্য এন্ট্রি শেষে চালানের অর্থ - নগদ টাকায় অথবা যে ব্যাংকে জমা দেওয়া হচ্ছে সেই ব্যাংকের চেক (এ্যাকাউন্ট ডেবিট) কিংবা ভিন্ন যে কোন ব্যাংকের চেক - এই তিনভাবে গ্রহণ করা হবে এবং প্রমাণক স্লিপ প্রদান করা হবে।



- ব্যাংক কাউন্টার কর্তৃক সেবাপ্রত্যাশির পূরণকৃত চালান ফরমের তথ্য 'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি'-এ এন্ট্রি করা হবে।



- গৃহীত অর্থ তাৎক্ষণিকভাবে এ্যাকাউন্টে জমা হওয়ার বিষয়ে নিশ্চিত হলে ব্যাংক গ্রাহককে চালানের রসিদ প্রিন্ট করে প্রদান করবে অথবা পরবর্তীতে নিশ্চিত হয়ে চালান রসিদ প্রদান করবে। এক্ষেত্রে চালান রসিদ সংগ্রহের সম্ভাব্য তারিখ ও সময় সেবাপ্রত্যাশিকে প্রদত্ত প্রমাণক স্লিপে উল্লেখ থাকবে।



## ই-চালান ব্যবহার পদ্ধতি

### ৩ বাংলাদেশ ব্যাংকের কার্যক্রম

- বাংলাদেশ ব্যাংক এই সিস্টেম হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী দৈনিকভিত্তিতে ২টি ব্যাচে (দুপুর: ১:০০ টায় ও দিনের শেষে) সকল বাণিজ্যিক ব্যাংকের প্রধান এ্যাকাউন্ট (Principal Account) ডেবিট করে ট্রেজারি চালান বাবদ জমাকৃত অর্থ সরকারি হিসাবে ক্রেডিট করবে;



- ক্রেডিট স্ক্রল স্বয়ংক্রিয়ভাবেই হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরিত হবে।

## ই-চালান ব্যবহার পদ্ধতি

### ৪ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যক্রম




- সেবা প্রদানকারী সরকারি অফিস সেবাপ্রত্যাশি ব্যক্তি/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত চালান রসিদের সত্যতা অনলাইন চালান ভেরিফিকেশন [‘Online Chalan Verification - http://103.48.16.132/echalan/’]-এ যাচাই করে সরকারি কোষাগারে অর্থ জমার বিষয়ে নিশ্চিত হয়ে প্রয়োজনীয় সেবা প্রদান করবে।

- সেবাপ্রত্যাশি নির্দিষ্ট সরকারি অফিসে নির্দিষ্ট সেবা প্রাপ্তির জন্য চালানটি জমাপ্রদান করবে।






## ই-চালান বাস্তবায়ন প্রক্রিয়া

### প্রথম পর্যায়ে

- ঢাকা মহানগরীর সোনালী ব্যাংকের নির্দিষ্ট একটি শাখায় পাইলটিং-এর মাধ্যমে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে সরকারি রাজস্ব ও বিভিন্ন সেবা ফি বাবদ অর্থ গ্রহণ করা হচ্ছে;

### দ্বিতীয় পর্যায়ে

- বাংলাদেশ ব্যাংকসহ সকল সরকারি বাণিজ্যিক ব্যাংকের ঢাকা মহানগরীর সকল শাখায় এই পদ্ধতি চালু করা হবে;




### তৃতীয় পর্যায়ে

- পর্যায়ক্রমে সারা দেশে বাস্তবায়ন করা হবে।

## এ চালান চ্যালেঞ্জসমূহ

- সেবাপ্রত্যাশির পূরণকৃত চালান ফরমের তথ্য **'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি'**-এ এন্ট্রির ক্ষেত্রে ব্যাংক কর্মচারীর সময় ক্ষেপণ এবং ভিন্ন ব্যাংকের চেক জমাপ্রদানের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা;
- কমিশনের নিম্নহারের কারণে স্বল্পমূল্যের চালানের অর্থগ্রহণে ব্যাংকের অপারগতা প্রকাশ।
- সেবা প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান কর্তৃক **'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি'**-এর চালান গ্রহণে নেতিবাচক দৃষ্টিভঙ্গি;

## সৃষ্ট প্রভাব/ফলাফল

- চালানের অর্থ জমা প্রদানের দিনেই সেবাপ্রত্যাশিকে চালান জমা প্রদানের সুযোগ দেওয়া হলে হয়রানি কমবে এবং সেবার সহজীকরণ হবে;
- স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক, হিসাবরক্ষণ কার্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সংগতিসাধন (reconciliation) -এর ফলে রাজস্ব ফাঁকি কমবে এবং সরকারি প্রতিষ্ঠান ও হিসাবরক্ষণ কার্যালয়ের মধ্যেকার হিসাবের পার্থক্য দূর হবে;
- সরকারি প্রাপ্তি সম্পর্কিত হালনাগাদ তথ্য সরকারের আর্থিক অবস্থান (fiscal position) ও ঋণ ব্যবস্থাপনা কৌশল নির্ধারণে ভূমিকা রাখবে।



# ধন্যবাদ

এ চালান

**URL - For Training :** training.finance.gov.bd/acs

**For Live :** ibas.finance.gov.bd/acs

**Email :** a_challan@finance.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# Automated Challan System (A-Challan)
# স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (এ-চালান)

## ট্রেজারি চালানের অর্থ সরকারের হিসাবে জমাকরণ

# (ব্যবহার নির্দেশিকা)

SPFMS
স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)
ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফিনান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন
অফ বিএসিএস এন্ড আইবাস++ স্কিম
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

# সূচিপত্র


| | | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| | | | |
| ১ | | **ভূমিকা** | ১ |
| | ১.১ | স্বয়ংক্রিয় চালান সিস্টেমের ওয়েবভিত্তিক সিস্টেম এর পরিচিতি | ১ |
| | ১.২ | প্রেক্ষাপট | ১ |
| | ১.৩ | স্বয়ংক্রিয় চালান সিস্টেমের সুবিধা | ১ |
| | ১.৪ | স্বয়ংক্রিয় চালান সিস্টেম অনলাইন ব্যবহারকারী: | ১ |
| | ১.৫ | স্বয়ংক্রিয় চালান পদ্ধতির নিয়ম (ইন্টারনেট ব্রাউজার নির্বাচন) | ১ |
| | ১.৬ | স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে লগইন | ১ |
| | ১.৭ | হোম স্ক্রিনের আইকন পরিচিতি | ৩ |
| ২ | | **স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (এসিএস) মেনু পরিচিতি** | ৫ |
| | ২.১ | Application Form : Challan | ৫ |
| | | ধাপ-১ | ৬ |
| | | ধাপ-২ | ৭ |
| | | ধাপ-৩ | ৭ |
| | | ধাপ-৪ | ৯ |
| | | চালান  স্লিপ রিপোর্ট | ১১ |
| | ২.২ | Application Form : Submit | ১২ |
| | ২.৩ | Application Form : Approval | ১২ |
| | ২.৪ | Cash Received Confirmation | ১৩ |
| | | চালান  ফরম রিপোর্ট | ১৪ |
| | ২.৫ | Menu – Bank Reconciliation | |
| ৩ | | **Report** | |
| | | | |
| | | | |

# স্বয়ংক্রিয় চালান পদ্ধতি ব্যবহারকারীর জন্য

# ১. ভূমিকা:

## ১.১ স্বয়ংক্রিয় চালান সিস্টেমের ওয়েবভিত্তিক সিস্টেম এর পরিচিতি:

স্বয়ংক্রিয় চালান সিস্টেম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবার ফি বাবদ ট্রেজারি চালানের অর্থ সোনালী ব্যাংকসহ যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় অর্থ জমা গ্রহণের একটি অনলাইন পদ্ধতি। অর্থবিভাগের 'সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ: অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা' শীর্ষক কর্মসূচির-এর পক্ষ হতে 'স্বয়ংক্রিয় চালান পদ্ধতি' শীর্ষক এই সফ্টওয়্যারের উন্নয়ন করা হয়েছে।

## ১.২ প্রেক্ষাপট

নির্দিষ্ট ব্যাংকের নির্দিষ্ট শাখায় জমা প্রদানের বাধ্যবাধকতার কারণে গ্রাহককে অতিরিক্ত সময় ও অর্থ ব্যয়সহ ভোগান্তির শিকার হতে হয়। সংশ্লিষ্ট ব্যাংক বা প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও দৈনিক হিসাব মিলানো ও নির্ধারিত প্রতিষ্ঠানের অনুকূলে অর্থ প্রেরণের কাজটি সম্পন্ন করতে বাড়তি ব্যয় ও মানসিক চাপ তৈরি হয়। সরকারের কোষাগারে অর্থ যথাসময়ে জমা না হওয়া এবং ভুয়া (fake) চালান ব্যবহারের ফলে সরকারের বিপুল রাজস্ব ফাঁকি হয়। ব্যাংক ও হিসাবরক্ষণ কার্যালয়ের সাথে প্রতিষ্ঠানের সংগতিসাধন (reconciliation) ক্ষেত্রবিশেষে সঠিকভাবে না হওয়ায় রাজস্ব জমার তথ্যেও বড় ধরনের পার্থক্যও দেখা যায়। কোন্ প্রতিষ্ঠানের কাছে কত টাকা জমা আছে বা লেনদেন চলমান রয়েছে তার কোন সঠিক তথ্য থাকে না।

## ১.৩ স্বয়ংক্রিয় চালান সিস্টেমের সুবিধা:

- ব্যাংক থেকে তাৎক্ষণিকভাবে জমাকৃত অর্থের চালান রসিদ কিংবা অর্থ গ্রহণ স্লিপ প্রিন্ট করে গ্রাহককে প্রদান;
- চালানের অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের দিনেই চালানটি ব্যবহার উপযোগি হওয়ার সুবিধা;
- সরকারের প্রতিটি প্রতিষ্ঠানকে সেবাপ্রত্যাশি এবং চালানের মাধ্যমে অর্থ পরিশোধ সম্পর্কিত তথ্য সরবরাহ;
- চালানের অর্থ বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে দ্রুততম সময়ে ট্রেজারি সিঙ্গেল এ্যাকাউন্টে জমা নিশ্চিতকরণ;
- স্বয়ংক্রিয়ভাবে বাণিজ্যিক ব্যাংক, সরকারি প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়-কে মোট চালান সংখ্যা ও অর্থ জমা প্রদানের প্রকৃত হিসাব প্রদান;

## ১.৪ স্বয়ংক্রিয় চালান সিস্টেম অনলাইন ব্যবহারকারী:

বাংলাদেশ ব্যাংক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় এবং বাণিজ্যিক ব্যাংক, সংশ্লিষ্ট ব্যাংক এ সিস্টেমে প্রাপ্ত ইউজার আইডি ও পার্সওয়ার্ড ব্যবহার করে সিস্টেমে প্রবেশ করতে পারবে।

## ১.৫ স্বয়ংক্রিয় চালান পদ্ধতির নিয়ম (ইন্টারনেট ব্রাউজার নির্বাচন)

এ-চালান একটি ইন্টারনেটভিত্তিক সফটওয়্যার হওয়ার কারণে এটিতে প্রবেশ করতে হলে ব্যবহারকারীকে কোন একটি ইন্টারনেট ব্রাউজার (যেমন- Google Chrome অথবা Mozilla Firefox, ইত্যাদি) ব্যবহার করতে হবে। এ জন্য ব্যবহারকারীকে যেকোন একটি ইন্টারনেট ব্রাউজারের আইকনে ক্লিক করে তাতে প্রবেশ করতে হবে। এক্ষেত্রে Mozilla Firefox Browser ব্যবহার করাই ভালো।

## ১.৬ স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে লগইন

স্বয়ংক্রিয় চালান পদ্ধতি ব্যবহার করতে হলে ব্যবহারকারীকে আবশ্যিকভাবে ইউজার একাউন্ট খুলতে হবে। আবেদনের নির্দিষ্ট ফরম ওয়েবসাইট (www.finance.gov.bd) থেকে ডাউনলোড করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে অর্থবিভাগে প্রেরণ করতে হয়। পরবর্তীতে অর্থবিভাগ হতে এ-চালান ব্যবহারকারীর নামে ইউজার একাউন্ট তৈরি করে মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে ইউজার আইডি ও এককালীন পাসওয়ার্ড জানিয়ে দেওয়া হয়। উক্ত ইউজার আইডি ও এককালীন পাসওয়ার্ড দিয়ে এ-চালানে লগইন করতে হবে।

এক্ষেত্রে ইন্টারনেটে প্রবেশ করে Address Bar (চিত্র-১)-এ এসিএস-এর ঠিকানা (ibas.finance.gov.bd/acs) টাইপ করে কি-বোর্ড এর Enter Key তে চাপ দিলে নিম্নে প্রদর্শিত Login স্ক্রিন (চিত্র-২) দেখতে পাওয়া যাবে।

চিত্র-১: Address Bar




চিত্র-২: Login to ACS




**Login ID:** পূর্ববর্তী পৃষ্ঠার চিত্র-২ অনুযায়ী লগইন আইডি (Login ID) ঘরে ইউজার আইডি (যা মোবাইলে এসএমএস-এর মাধ্যমে পূর্বেই জানানো হয়েছে) টাইপ করুন।

**Password:** এই ঘরে পাসওয়ার্ডটি টাইপ করুন। পাসওয়ার্ড টাইপ করলে '******' স্টার চিহ্ন দেখতে পাওয়া যাবে। উল্লেখ্য, ১ম বার এ-চালানে প্রবেশের পর অর্থবিভাগ হতে প্রদত্ত পাসওয়ার্ডটি আবশ্যিকভাবে পরিবর্তন করতে হবে।

**সর্তকবাণী:** পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করার ব্যাপারে যথার্থ সতর্কতা অবলম্বন করতে হবে। ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অন্য কেউ ডাটা সংযোজন বা মুছে ফেললে তার দায়দায়িত্ব উক্ত ইউজার আইডির ব্যক্তিকেই নিতে হবে, কারণ এ-চালানে স্বয়ংক্রিয়ভাবে সকল কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করা হয়।

**Captcha:** এই ঘরে অবস্থিত অঙ্ক/নম্বরগুলো (যা Captcha নম্বর হিসেবে অভিহিত) ওপরের 'Please type the text displayed below' লেখা ঘরে টাইপ করতে হবে। যদি Captcha নম্বরগুলো দুর্বোধ্য বা অস্পষ্ট হয় তাহলে Try another এ ক্লিক করে আরেকটি নতুন Captcha নম্বর নেওয়ার সুযোগ রয়েছে। কোন হ্যাকার যাতে স্বয়ংক্রিয়ভাবে এ-চালানে ঢুকতে না পারে তার নিরাপত্তা ব্যবস্থা হিসেবে Captcha ব্যবহার করা হয়েছে।

**Login:** স্ক্রিনের (চিত্র-২) সমস্ত তথ্য এন্ট্রি করার পর পরবর্তী ধাপে যাওয়ার জন্য (Login) বাটনে ক্লিক করুন।

**জেনে রাখা ভাল:** Login ID, Password, Captcha তথ্য/নম্বরগুলো সঠিক না হলে 'ইউজার আইডি ও পাসওয়ার্ড সঠিক নয় অথবা ভুল ক্যাপচা কোড প্রদান করা হয়েছে' সম্বলিত নিম্নরুপ একটি তথ্যের বক্স আসবে (চিত্র-৩)।

চিত্র-৩: ইউজার আইডি ও পাসওয়ার্ড সঠিক নয় অথবা ভুল ক্যাপচা কোড প্রদান করা হয়েছে




উপযুক্ত চিত্র অনুযায়ী তথ্যের বক্সটি আসলে (OK) বাটনে ক্লিক করে পুনরায় তথ্যগুলো সঠিক ভাবে 'Automated Challan System' স্ক্রিনে (চিত্র-২) এন্ট্রি করতে হবে।

**Forgot Password:** কোন কারণে Password ভুলে গেলে 'Forgot Password' এ ক্লিক করলে 'Forgot Password' শীর্ষক একটি বক্স আসবে (চিত্র: ৪-ক)। উক্ত বক্সের login ID ঘরে ব্যবহারকারীর User ID এবং Captcha বক্সে নিচের ঘরে প্রদর্শিত নম্বরটি টাইপ করে Send Verificaiton Code-এ ক্লিক করলে সাথে সাথে মোবাইলে একটি ম্যাসেজের মাধ্যমে ভেরিফিকেশন কোড পাঠানো হবে। উক্ত ভেরিফিকেশন কোডটি (চিত্র: ৪-খ) টাইপ করে ব্যবহারকারী নতুন একটি Password এন্ট্রি ও Conform করলে পুনরায় একটি Password পাওয়া যাবে।

চিত্র: (৪-ক, খ) : Forgot Password and Change Password

(চিত্র: ৪-ক)




(চিত্র: ৪-খ)




## ১.৭ হোম স্ক্রিনের আইকন পরিচিতি

চিত্র-৫: হোম স্ক্রিনের আইকন পরিচিতি




**(ক)** ‘ ’ এই বাটনটি মূলত হোম বাটন হিসেবে কাজ করে। মূল স্ক্রিনে যাওয়ার জন্য বা নোটিফিকেশন বার দেখার জন্য এই বাটনটিতে চাপ দিতে হয়।

**(খ) Refresh** ( ⟳ ) : ব্যবহারকারী যে স্ক্রিনে কাজ করছেন, Refresh বাটনে Click করলে সেই স্ক্রিনটি পুনরায় লোড হবে।

**(গ) Help** ( ): এই বাটনে ক্লিক করলে নিম্নরূপ সাবমেন্যু আসবে, যা থেকে ACS সম্পর্কিত সকল সহায়তা পাওয়া যাবে। তবে এই Help Menu তৈরির কাজ এখনো প্রক্রিয়াধীন রয়েছে। ভবিষ্যতে এই মেন্যু থেকে সাহায্য পাওয়া যাবে।

**(ঘ) User Login ID:** এখানে ব্যবহারকারি তার Profile দেখতে পারবেন এবং প্রয়োজনে Update করতে পারবেন। [চিত্র-৬ (ক)]

চিত্র-৬ (ক) : User Login ID




**(ঙ) Change Your Picture:** এই লিঙ্কে ক্লিক করে ব্যবহারকারী তার প্রোফাইলের ছবি আপলোড করতে পারেন।

**(চ) Change Password:** পাসওয়ার্ড পরিবর্তনের জন্য Change Password অপশনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রিন প্রদর্শিত হবে। [চিত্র: ৬ (খ)]

চিত্র-৬ (খ): Change Password



**(ছ) Existing Password:** এই ঘরে পুরাতন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

**(জ) New Password:** নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন। মনে রাখবেন পাসওয়ার্ডটি কমপক্ষে ৬ অক্ষরের হতে হবে। যেখানে একটি Capital Word, একটি Small Word আর অবশ্যই একটি Number উল্লেখ করতে হবে। যেমন: (Abcde6)

**Confirm New Password:** পুনরায় নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

**"Save Change"** বাটনে ক্লিক করলে পাসওয়ার্ডটি পরিবর্তিত হয়ে যাবে।

**(ঝ) Logout (⇨ )** : এই বাটনটিতে ক্লিক করে ব্যবহারকারী এ-চালান হতে স্থায়ীভাবে বের হতে পারবেন।

## ২.	স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (এসিএস) মেনু পরিচিতি

একজন সেবাপ্রত্যাশি সরকার কর্তৃক প্রদত্ত চালান ফরম পূরণ করে তার সুবিধামত যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখার কাউন্টারে চালান বাবদ অর্থ জমাপ্রদান করবে।

ব্যবহারকারী ACS System-এ Login করার পর স্ক্রিনের বাম দিকে নিম্নের মত একটি মেনু দেখতে পাবেন (চিত্র-৭)।

চিত্র-৭ : মেনু পরিচিতি




### ২.১	Menu: Application Form: Challan

ব্যবহারকারী সিস্টেমে বাম দিকে 'Application Form : Challan' এই মেনুতে ক্লিক করলে স্ক্রিনের ডান দিকে স্বয়ংক্রিয় চালান পদ্ধতির অনলাইন ফরম আসবে (চিত্র-৮)।

চিত্র-৮ : স্বয়ংক্রিয় চালান ফরম






**বি: দ্র:** যে সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে সেবা বাবদ প্রাপ্তি ফি অথবা রাজস্ব/কর প্রদানের উদ্দেশ্যে চালানের মাধ্যমে অর্থ জমা হবে সেই সরকারি প্রতিষ্ঠানের - পুরাতন কোড অথবা নতুন কোড অথবা শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম ও সেবা/ফি/করের বিবরণ এই ৩টির যে কোন ১টি তথ্য দিতে হবে।

**ধাপ-১ :**

- **'Search by Organisation' -** ট্যাবে ক্লিক করে নিচের মেন্যুতে প্রতিষ্ঠানের নাম নির্বাচন করতে হবে। প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে ইংরেজি এবং বাংলায় টাইপ করে নির্বাচন করতে হবে অথবা ১৩ ডিজিটের প্রতিষ্ঠানিক কোড সার্চ দিয়েও প্রতিষ্ঠান পাওয়া যাবে।
- **কি বাবদ অর্থ জমা নেওয়া হচ্ছে** - এই মেন্যুতে সেবার ধরন ইংরেজি/ বাংলায় টাইপ করে নির্বাচন করতে হবে (চিত্র-৯)।

চিত্র-৯ : স্বয়ংক্রিয় চালান ফরম



**ধাপ-২:**

- স্বয়ংক্রিয় চালানের অর্থ জমা দেওয়ার জন্য ব্যবহারকারী এখানে খাত/কোডের (অর্থনৈতিক কোড) বিবরণ নির্ধারণ করবে।
- অর্থের পরিমাণ নির্ধারণ করতে হবে।
- "Add" বাটনে ক্লিক করলে এন্ট্রিকৃত তথ্য নিচের অংশে প্রদর্শিত হবে। "Add" বাটনে ক্লিক করার পর কোন তথ্য ভুল হলে "Edit" বাটনে ক্লিক করলে পুনরায় এন্ট্রিকৃত টাকার পরিমাণ সংশোধন করে Update করতে হবে। প্রয়োজনীয় সংশোধন সম্পন্ন হলে তথ্য সংরক্ষিত হবে।
- আর Remove বাটনে ক্লিক করলে নিচের বার্তা প্রদর্শিত হবে।

চিত্র-১০ : স্বয়ংক্রিয় চালান ফরম







"Yes" বাটনে ক্লিক করার পর এই স্ক্রিন থেকে এন্ট্রিকৃত তথ্য মুছে যাবে। পুনরায় আবার সঠিক তথ্য এন্ট্রি করা যাবে।

**ধাপ-৩ :**

**ব্যক্তি [NID রয়েছে] :** ব্যবহারকারী এই ট্যাবে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম তারিখ এন্ট্রি করে "Check NID" বাটনে ক্লিক করলে ডান পাশের বক্সে নির্বাচন কমিশন হতে প্রাপ্ত এনআইডি-এর তথ্য আসবে। (চিত্র : ১১)

যোগাযোগের জন্য ব্যক্তির মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে

চিত্র-১১ : স্বয়ংক্রিয় চালান ফরম




**বি: দ্র:** এখানে ৫টি ট্যাবের যেকোন একটি তথ্য পূরণ করতে হবে। যেমন: (ক) জাতীয় পরিচয়পত্র (NID) রয়েছে এমন ব্যক্তির জন্য জমা, অথবা (খ) জাতীয় পরিচয়পত্র (NID) নেই এমন ব্যক্তির জন্য জমা, অথবা (গ) e-TIN রয়েছে এমন বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার জন্য জমা, অথবা (ঘ) e-TIN নেই এমন বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার জন্য জমা, অথবা (ঙ) সরকারি প্রতিষ্ঠানের জন্য জমা।

**অথবা ব্যক্তি [NID নেই] :** ব্যবহারকারী এই ট্যাবে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য জাতীয় পরিচয়পত্র (NID) নেই এমন ব্যক্তির নাম (ইংরেজি অথবা বাংলায়) টাইপ করতে হবে।

জন্ম নিবন্ধন বাটনে ক্লিক করলে নিচে প্রদর্শিত বক্সে জন্ম নিবন্ধান/পাসপোর্ট নম্বর এবং ঠিকানা এন্ট্রি করতে হবে।

অন্যান্য বাটনে ক্লিক করলে শুধু ঠিকানা এন্ট্রি করতে হবে।

যোগাযোগের জন্য ব্যক্তির মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

চিত্র-১২ : স্বয়ংক্রিয় চালান ফরম




**অথবা বেসরকারি প্রতিষ্ঠান/ সংস্থা [e-TIN আছে] :** ব্যবহারকারী এই ট্যাবে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য ই-টিআইএন (e-TIN) রয়েছে এমন প্রতিষ্ঠান/সংস্থার ই-টিআইএন নম্বর এন্ট্রি করে "Check TIN" বাটনে ক্লিক করলে ডান পাশের বক্স হতে প্রাপ্ত তথ্য আসবে। (চিত্র: ১৩)

যোগাযোগের জন্য ব্যক্তি/ সংস্থার মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

চিত্র-১৩ : স্বয়ংক্রিয় চালান ফরম




**অথবা বেসরকারি প্রতিষ্ঠান/ সংস্থা [e-TIN নেই]:** ব্যবহারকারী এই ট্যাবে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য ই-টিআইএন (e-TIN) নেই এমন প্রতিষ্ঠান/সংস্থার নাম (ইংরেজি অথবা বাংলায়) টাইপ করতে হবে।

বক্সে প্রতিষ্ঠানের নাম, লাইসেন্স/নিবন্ধন নম্বর ও ঠিকানা এন্ট্রি করতে হবে।

যোগাযোগের জন্য ব্যক্তির মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

চিত্র-১৪ : স্বয়ংক্রিয় চালান ফরম




**অথবা সরকারি প্রতিষ্ঠান:** ব্যবহারকারী এই ট্যাবে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য সরকারি প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে ইংরেজি এবং বাংলায় টাইপ করে অফিস নির্বাচন করতে হবে অথবা প্রতিষ্ঠানিক কোড সার্চ দিয়েও সরকারি প্রতিষ্ঠান পাওয়া যাবে। (চিত্র:১৫)

যোগাযোগের জন্য ব্যক্তি/ প্রতিষ্ঠানের মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

চিত্র-১৫ : স্বয়ংক্রিয় চালান ফরম




**বি: দ্র:** সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের জমা এর অন্তর্ভুক্ত।

## ধাপ-৪:

স্বয়ংক্রিয় চালান পদ্ধতিতে অর্থ জমা দেওয়ার জন্য চালানের অর্থ 'নগদ টাকায়' অথবা 'ব্যাংকের চেক/অ্যাকউন্ট ডেবিট'-এই তিনভাবে পরিশোধ করা যাবে।

চিত্র-১৬ : স্বয়ংক্রিয় চালান ফরম




ড্রপডাউন লিস্ট থেকে নগদ অর্থ নির্বাচন করে অর্থের পরিমাণ নির্ধারণ করতে হবে।

“Add” বাটনে ক্লিক করলে এন্ট্রিকৃত তথ্য নিচের অংশে প্রদর্শিত হবে। “Add” বাটনে ক্লিক করার পর কোন তথ্য ভুল হলে “Edit” বাটনে ক্লিক করলে পুনরায় এন্ট্রিকৃত টাকার পরিমাণ সংশোধন করে Update করতে হবে। প্রয়েজনীয় সংশোধন সম্পন্ন হলে তথ্য সংরক্ষিত হবে। আর Remove বাটনে ক্লিক করলে নিচের বার্তা প্রদর্শিত হবে।




“Yes” বাটনে ক্লিক করার পর এই স্ক্রিন থেকে এন্ট্রিকৃত তথ্য মুছে যাবে। পুনরায় আবার সঠিক তথ্য এন্ট্রি করা যাবে।

**বি: দ্র:** (ক) এখানে লক্ষণীয় যে, উপরে খাতে বিবরণে যে টাকার পরিমাণ নির্ধারণ করা আছে, পরিশোধের ধরনের টাকার পরিমাণ সমান হতে হবে। না হলে স্বয়ংক্রিয় চালান সিস্টেমে তথ্য সংরক্ষণ হবে না।
(খ) নগদ অর্থের ক্ষেত্রে ব্যাংক সেবাপ্রত্যাশি ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাৎক্ষণিকভাবে চালান রসিদ প্রদান করবে এবং চেকের ক্ষেত্রে পরবর্তীতে সরকারি কোষাগারে অর্থ জমার বিষয়ে নিশ্চিত হয়ে চালান রসিদ প্রদান করবে। এক্ষেত্রে চালান রসিদ সংগ্রহের সম্ভাব্য তারিখ ও সময় সেবাপ্রত্যাশির মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

প্রয়েজনীয় সংশোধন সম্পন্ন হলে “Save” বাটনে ক্লিক করলে সংশোধিত তথ্য সংরক্ষিত হবে এবং একটি বার্তা প্রদর্শিত হবে।




“ok” বাটনে ক্লিক করার পর এই স্ক্রিন থেকে এন্ট্রিকৃত তথ্য চালান নম্বরসহ তাৎক্ষণিকভাবে জমাকৃত অর্থগ্রহণ করে প্রমাণক হিসাবে একটি স্লিপ রির্পোট জেনারেট হবে (চিত্র : ১৭)। এই স্লিপের দুটি কপি থাকবে। প্রথম কপি ব্যাংক রেখে দিবে আর দ্বিতীয় কপি ব্যাংকের সিলসহ গ্রাহকের কাছে হস্তান্তর করবে। গ্রাহক চালান স্লিপটি হাতে পেলে তা কোন সংশোধন থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানাবে। পূরণকৃত চালান ফরমের তথ্য ‘এসিএস সিস্টেম’-এ পুনরায় সংশোধনের জন্য “Edit” ট্যাবে ক্লিক করলে প্রাপ্ত চালান নম্বরটি এন্ট্রি করে “GO” বাটনে ক্লিক করে প্রয়োজনীয় সংশোধন সম্পন্ন করতে হবে। আর চালানটি নতুন করে এন্ট্রি করতে হলে “New” ট্যাবে ক্লিক করতে হবে।

কোন ধরনের সংশোধন না থাকলে গ্রাহক স্লিপটি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

চিত্র-১৭ : স্বয়ংক্রিয় চালান স্লিপ রিপোর্ট

সোনালী ব্যাংক, কাকরাইল শাখা, ঢাকা

**চালান বাবদ অর্থ জমা গ্রহণ স্লিপ**

**ব্যাংকের কপি**

**ট্র্যাকিং নং :** ২০১৯-০০৭০৮০৪০

যে সরকারি প্রতিষ্ঠান বরাবর চালান জমা দেওয়া হচ্ছে :

যে ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষ থেকে জমা দেওয়া হচ্ছে :

এনআইডি নম্বর :

ঠিকানা :

মোবাইল ফোন নম্বর :

চালান বাবদ অর্থ জমা প্রদানের উদ্দেশ্য :

অর্থ জমার খাত/কোডওয়ারী বিবরণ :

| অর্থনৈতিক কোডের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|
| | |
| মোট টাকার পরিমাণ : | |

অর্থ পরিশোধের ধরন : টাকার পরিমাণ (কথায়) :

| পরিশোধের ধরন | ব্যাংক ও শাখা | টাকার পরিমাণ |
|---|---|---|
| নগদ অর্থ | ..... | |
| চেক/এ্যাকাউন্ট ডেবিট | ..... | |

জমাপ্রদানকারীর স্বাক্ষর জমাগ্রহণকারীর স্বাক্ষর অনুমোদনকারীর স্বাক্ষর

✂------------------------------------------------------------


সোনালী ব্যাংক, কাকরাইল শাখা, ঢাকা

**চালান বাবদ অর্থ জমা গ্রহণ স্লিপ**


**গ্রাহকের কপি**


**ট্র্যাকিং নং :** ২০১৯-০০৭০৮০৪০

যে সরকারি প্রতিষ্ঠান বরাবর চালান জমা দেওয়া হচ্ছে :

যে ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষ থেকে জমা দেওয়া হচ্ছে :

এনআইডি নম্বর :

ঠিকানা :

মোবাইল ফোন নম্বর :

চালান বাবদ অর্থ জমা প্রদানের উদ্দেশ্য :

অর্থ জমার খাত/কোডওয়ারী বিবরণ :

| অর্থনৈতিক কোডের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|
| | |
| মোট টাকার পরিমাণ : | |

অর্থ পরিশোধের ধরন : টাকার পরিমাণ (কথায়) :

| পরিশোধের ধরন | ব্যাংক ও শাখা | টাকার পরিমাণ |
|---|---|---|
| নগদ অর্থ | ..... | |
| চেক/এ্যাকাউন্ট ডেবিট | ..... | |


জমাপ্রদানকারীর স্বাক্ষর ব্যাংক সিল জমাগ্রহণকারীর স্বাক্ষর অনুমোদনকারীর স্বাক্ষর

এভাবে Application Form : Challan -এই মেন্যুর কাজ সম্পন্ন করতে হবে।

## ২.২ Menu - Application Form : Submit

ব্যবহারকারী সিস্টেমে বাম দিকে ‘Application Form : Submit’ এই মেনুতে ক্লিক করলে স্ক্রিনের ডান দিকে স্বয়ংক্রিয় চালান অনুমোদন-এর লিস্ট আসবে। যা নিচের স্ক্রিনে মত আসবে (চিত্র-১৮,১৯)।

চিত্র-১৮ : স্বয়ংক্রিয় চালান ‘Submit’

**চালান অনুমোদন**

| | |
|---|---|
| এনআইডি/ই-টিআইএন/অফিস কোড/লাইসেন্স/নিবন্ধন নাম্বার/জন্ম নিবন্ধন/পাসপোর্ট নাম্বার : | |
| চালান নং : | |

**GO** **Cancel**

“GO” বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হবে। এখানে “Detail” ট্যাবে ক্লিক করলে সংশ্লিষ্ট চালানের বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে।

চিত্র-১৯ : স্বয়ংক্রিয় চালান ‘Submit’

| চালান নং | এনআইডি/ই-টিআইএন/অফিস কোড | নাম | বর্তমান ঠিকানা | চালান এর ধরন | টাকার পরিমাণ | বিস্তারিত | অনুমোদন |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২০-০০০০০০০৫৭৫ | ৫৬৫৬৪২৬৪৪২ | মোঃ রহিম | বাড্ডা, ঢাকা | ব্যক্তি কর্তৃক দেয় আয়কর | ৫০০ | Detail | Submit |
| ২০২০-০০০০০০০৫৭৬ | ৪৬১৭৪৬১৩২৫ | মোঃ করিম | মতিঝিল, ঢাকা | পাসপোর্ট ফি | ৬০০০ | Detail | Submit |
| ২০২০-০০০০০০০৫৭৭ | ১৭১০৪৭২২৭৯ | মোঃ রানা | ধানমন্ডি, ঢাকা | নিরাপত্তা সেবা চার্জ | ২০০০ | Detail | Submit |

তথ্যগুলো সঠিক থাকলে “Submit” বাটনে ক্লিক করতে হবে এবং একটি বার্তা প্রদর্শিত হবে।

**Information**

? আপনি কি অনুমোদন করতে চান ?

**OK**

“ok” বাটনে ক্লিক করার পর এই স্ক্রিন থেকে এন্ট্রিকৃত তথ্য চালান নম্বরসহ তাৎক্ষণিকভাবে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তার কাছে চলে যাবে (চিত্র:)। এভাবে Application Form : Submit -এই মেন্যুর কাজ সম্পন্ন করতে হবে।

## ২.৩ Menu - Application Form: Approval

ব্যবহারকারী সিস্টেমে বাম দিকে ‘Application Form : Approval’ এই মেনুতে ক্লিক করলে স্ক্রিনের ডান দিকে স্বয়ংক্রিয় চালান অনুমোদন-এর লিস্ট আসবে। যা নিচের স্ক্রিনে মত আসবে (চিত্র-২০,২১)।

চিত্র-২০ : স্বয়ংক্রিয় চালান ‘Approval’

**চালান বাবদ প্রাপ্ত অর্থ অনুমোদন**

| | |
|---|---|
| এনআইডি/ই-টিআইএন/অফিস কোড/লাইসেন্স/নিবন্ধন নাম্বার/জন্ম নিবন্ধন/পাসপোর্ট নাম্বার : | |
| চালান নং : | |

**GO** **Cancel**

“GO” বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হবে।
এখানে স্ক্রিনের বামদিকে “Detail” ট্যাবে ক্লিক করলে সংশ্লিষ্ট চালানের বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে।

"Approve" বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালানটি চূড়ান্তভাবে অনুমোদিত হবে।
"Sendback" বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট ঘরে চালানের প্রয়োজনীয় তথ্য লিখে ফেরত পাঠাতে হবে।

চিত্র-২১ : স্বয়ংক্রিয় চালান 'Approval'

| চালান নং | এনআইডি/ই-টিআইএন/অফিস কোড | নাম | বর্তমান ঠিকানা | চালান এর ধরন | টাকার পরিমাণ | বিস্তারিত | অনুমোদন | ফেরত |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২০-০০০০০০০৫৭৫ | ৫৬৫৬৪২৬৪৪২ | মোঃ রহিম | বাড্ডা, ঢাকা | ব্যক্তি কর্তৃক দেয় আয়কর | ৫০০ | Detail | Approve | Sendback |
| ২০২০-০০০০০০০৫৭৬ | ৪৬১৭৪৬১৩২৫ | মোঃ করিম | মতিঝিল, ঢাকা | পাসপোর্ট ফি | ৬০০০ | Detail | Approve | Sendback |
| ২০২০-০০০০০০০৫৭৭ | ১৭১০৪৭২২৭৯ | মোঃ রানা | ধানমন্ডি, ঢাকা | নিরাপত্তা সেবা চার্জ | ২০০০ | Detail | Approve | Sendback |

তথ্যগুলো সঠিক থাকলে "Approve" বাটনে ক্লিক করতে হবে। এখানে প্রদর্শিত স্ক্রিনে সংশ্লিষ্ট চালানের বিস্তারিত তথ্য সঠিক আছে কিনা তা পর্যবেক্ষণ করে অর্থের পরিমাণ এন্ট্রি করতে হবে। অর্থের পরিমাণ সঠিকভাবে দিতে না পারলে তা অনুমোদন হবে না।

**Information**

আপনি কি অনুমোদন করতে চান ?

Yes | No

"Yes" বাটনে ক্লিক করলে এন্ট্রিকৃত তথ্য চালান নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তার কাছে চলে যাবে।
এভাবে Application Form : Approval -এই মেন্যুর কাজ সম্পন্ন করতে হবে।

## ২.৪ Menu – Cash Received Confirmation

ব্যবহারকারী সিস্টেমে বাম দিকে 'Cash Received Confirmation' এই মেনুতে ক্লিক করলে স্ক্রিনের ডান দিকে স্বয়ংক্রিয় চালান নিশ্চিতকরণ-এর লিস্ট আসবে। যা নিচের স্ক্রিনে মত আসবে (চিত্র-২২,২৩)।

চিত্র-২২ : স্বয়ংক্রিয় চালান 'Cash Receive'

**চালান বাবদ প্রাপ্ত অর্থ অনুমোদন**

এনআইডি/ই-টিআইএন/অফিস কোড :

চালান নং :

GO | Cancel

"GO" বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হবে।
এখানে স্ক্রিনের বামদিকে "Detail" ট্যাবে ক্লিক করলে সংশ্লিষ্ট চালানের বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে।
"Confirm" বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় চালানটি চূড়ান্তভাবে অনুমোদিত হবে।
"Reject" বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট ঘরে চালানের প্রয়োজনীয় তথ্য লিখে ফেরত পাঠাতে হবে।

চিত্র-২৩ : স্বয়ংক্রিয় চালান 'Cash Receive'

| চালান নং | এনআইডি/ই-টিআইএন/অফিস কোড | নাম | বর্তমান ঠিকানা | টাকার পরিমাণ | বিস্তারিত | গ্রহণ | ফেরত |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২০-০০০০০০০৫৭৫ | ৫৬৫৬৪২৬৪৪২ | মোঃ রহিম | বাড্ডা, ঢাকা | ৫০০ | Detail | Confirm | Reject |
| ২০২০-০০০০০০০৫৭৬ | ৪৬১৭৪৬১৩২৫ | মোঃ করিম | মতিঝিল, ঢাকা | ৬০০০ | Detail | Confirm | Reject |
| ২০২০-০০০০০০০৫৭৭ | ১৭১০৪৭২২৭৯ | মোঃ রানা | ধানমন্ডি, ঢাকা | ২০০০ | Detail | Confirm | Reject |

তথ্যগুলো সঠিক থাকলে "Confirm" বাটনে ক্লিক করলে নিম্নের বার্তা প্রদর্শিত হবে।

**Information**

আপনি কি অনুমোদন করতে চান ?

Yes No

